

আমোষ ভাববাদীর পুস্তক

ভূমিকা

১ আমোষের বার্তা। তকোয় শহরে আমোষ নামে একজন মেষপালক ছিলেন। উষিয় যখন যিহুদার রাজা। ছিলেন এবং যোয়াশের পুত্র যারবিয়াম যখন ইস্রায়েলের রাজা ছিলেন সেই সময়ে আমোষ ইস্রায়েল সম্পর্কে দর্শন পেয়েছিলেন। ঘটনাটা ভূমিকম্প হবার দু'বছর আগেকার কথা।

অরামের জন্য শাস্তি

আমোষ বললেন: সিরোনে প্রভু সিংহের মতো গর্জন করবেন। জেরশালেম থেকে তাঁর কঠে উচ্চস্থর গর্জিত হবে। মেষপালকদের সবুজ ত্ণভূমি শুকিয়ে বাদামী হয়ে যাবে। এমনকি কর্ণিলের শিখর শুকিয়ে যাবে।

প্রভু এই কথাগুলো বলেন: “আমি অবশ্যই দম্ভেশকবাসীদের তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেব। কিন্তু কেন? কারণ তারা লোহার তৈরী শস্য মাড়াইয়ের যন্ত্র দিয়ে গিলিয়দকে মর্দন করেছিল। **৫**সেইজন্যে আমি হসায়েলের বাড়ীতে (অরাম) আগুন লাগিয়ে দেব এবং সেই আগুন বিনহদদের রাজপ্রাসাদগুলিকে ধ্বংস করবে।

৫‘তাছাড়াও, আমি দম্ভেশকের গেটের শক্তি শিকগুলো ভাঙব। আবনের উপত্যকাতে যে ব্যক্তি সিংহাসনে বসে আছে তাকে আমি সরিয়ে দেব। **৬**বৈৎ-এদেনে যে রাজা রাজদণ্ড ধরে আছে তাকে আমি নিয়ে চলে যাব। অরামের লোকেরা পরাস্ত হবে এবং জনসাধারণ তাদের কীর রাজ্যে নিয়ে যাবে।” প্রভু এই কথাগুলোই বলেছিলেন।

পলেষ্টাইয়দের জন্য শাস্তি

প্রভু এই কথাটি বলেন: “আমি সত্যিই ঘসাবাসীদের তাদের বহু অন্যায় কাজের জন্য শাস্তি দেব। কেন? কারণ তারা একটি দেশের সমস্ত লোককে নিয়েছিল এবং তাদের ঐতিদাস হিসাবে ইদোমে পাঠিয়েছিল। **৮**সেজন্যে আমি ঘসার দেওয়ালে আগুন পাঠাব। এই আগুন ঘসার উঁচু মিনার ধ্বংস করবে। **৯**এবং আমি অস্দোদের সিংহাসনে যে ব্যক্তি বসে আছে তাকে সরিয়ে দেব। অঙ্গিলানে যে রাজাটি রাজদণ্ড ধরে আছে তাকে আমি নিয়ে চলে যাব। আমি ইগ্রেণের সাধারণ মানুষদের শাস্তি দেব। তখন পলেষ্টাইয়দের মধ্যে যারা এখনও পর্যন্ত জীবিত অবস্থায় বেঁচে আছে তারা মরবে।” প্রভু উষ্ণর এই কথাগুলো বলেছিলেন।

ফৈনীকিয়র জন্য শাস্তি

প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই সোরের লোকেদের তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেবো। কেন? কারণ তারা একটি সমগ্র জাতিকে সরিয়ে নিয়ে গিয়েছিল এবং ঐতিদাস হিসেবে তাদের ইদোমে পাঠিয়েছিল। তারা তাদের ভাইদের (ইস্রায়েল) সঙ্গে মিলিত হয়ে যে চুক্তি করেছিল তা তারা মনে রাখেনি। **১০**সেজন্যে আমি সোরের দেওয়ালে আগুন দেব। সেই আগুন সোরের রাজপ্রাসাদগুলিকে ধ্বংস করবে।”

ইদোমবাসীদের জন্য শাস্তি

প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই ইদোমের লোকেদের তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেব। কেন? কারণ ইদোম তরবারি নিয়ে তার ভাইদের (ইস্রায়েল) পেছনে তাড়া করে ছুটেছিল। ইদোম কোন কৃপা দেখায়নি। ইদোমের গ্রেধ সারা জীবন ধরে অব্যাহত ছিল। বন্য পশুর মত ইস্রায়েলকে সে কেবল ছিঁড়েই চলেছে। **১১**সেজন্যে আমি তৈমনে আগুন দেব। সেই আগুন বস্ত্রারের উঁচু মিনারগুলো ধ্বংস করবে।”

অম্মোনবাসীদের জন্য শাস্তি

প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই অম্মোনের লোকেদের তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেব। কেন? কারণ তারা গিলিয়দে গর্ভবতী নারীদের হত্যা করেছিল। অম্মোনবাসীরা এই কাজগুলো করেছিল এইজন্য যাতে তারা তাদের রাজ্য নিতে পারে। **১৪**সেজন্যে আমি রববার দেওয়ালে আগুন দেব। সেই আগুন রববার উঁচু মিনার ধ্বংস করবে। ঘূর্ণী ঝড়ের মত তাদের রাজ্যের মধ্যে বিপদ এসে ঢুকবে। **১৫**তখন তাদের রাজা। এবং নেতাদের নির্বাসনে নিয়ে যাওয়া হবে। তাদের সবাইকে একসঙ্গে নিয়ে যাওয়া হবে।” প্রভু এই কথাগুলো বলেছিলেন।

মোয়াবের জন্য শাস্তি

প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই মোয়াবের লোকেদের তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেব। কেন? কারণ মোয়াব ইদোমের রাজার হাড়গুলোকে পুড়িয়ে চুন করে দিয়েছিল। **১৬**সেজন্য আমি মোয়াবে আগুন জুলাব এবং সেই আগুন করিয়োতের উঁচু মিনার ধ্বংস করবে। সেখানে ভয়ঙ্কর চিত্কার এবং শিঙার শব্দ শোনা যাবে এবং মোয়াব মারা যাবে। **১৭**সেজন্যে আমি মোয়াবের রাজাদের শেষ করে দেব

এবং মোয়াবের সব নেতাদেরও খুন করব।” প্রভু এই কথাগুলো বলেছিলেন।

যিহুদার জন্য শাস্তি

৪প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই যিহুদাকে তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্যে শাস্তি দেব। কেন? কারণ তারা প্রভুর আদেশ মান্য করতে অস্বীকার করেছিল। তারা তাঁর আদেশ পালন করেনি। তাদের পূর্বপুরুষেরা মিথ্যা বিশ্বাস করেছিল। এবং ওই একই মিথ্যার জন্য যিহুদাবাসীরা ঈশ্বরকে অনুসরণ করা ছেড়েছিল। **৫**তাই আমি যিহুদাতে আগুন লাগাব এবং সেই আগুন জেরুশালেমের উচ্চ মিনারগুলো ধ্বংস করবে।”

ইস্রায়েলের জন্য শাস্তি

৬প্রভু এই কথাগুলো বলেছেন: “আমি অবশ্যই ইস্রায়েলকে তাদের বহু দণ্ডার্থ অপরাধের জন্য শাস্তি দেব। কেন? কারণ তারা সামান্য রূপোর জন্য ভালো এবং নির্দোষ লোকেদের বিক্রি করেছিল। একজোড়া জুতোর বদলে তারা গরীব লোকেদের বিক্রি করেছিল। **৭**তারা ওই গরীব লোকেদের মাটির ওপর উপুড় করে ফেলে দিয়ে তার ওপর দিয়ে হেঁটে গিয়েছিল। তারা সাধারণ লোকেদের কঠ্রে কথা শোনাও বন্ধ করেছিল। একই স্ত্রীলোকের সঙ্গে পিতা ও পুত্রের যৌন সম্পর্ক ছিল। তারা আমার পবিত্র নাম ধ্বংস করেছিল। **৮**তারা গরীব লোকেদের কাছ থেকে জামাকাপড় নিচ্ছে এবং তারা বেদীতে পূজা করার সময় ওই কাপড়-চোপড়ের ওপরেই বসছে। তারা গরীব লোকেদের টাকা ধার দিয়েছে। এবং সঙ্গে সঙ্গে তাদের কাপড়-চোপড়গুলো বন্ধক হিসাবে নিয়ে নিয়েছে। তারা সাধারণ লোকেদের জরিমানা দিতে বাধ্য করেছিল। এবং সেই টাকা দিয়ে তাদের দেবতাদের মন্দিরে বসে নিজেরা পান করার জন্য দ্রাক্ষারস কিনেছিল।

৯“কিন্তু আমিই তাদের সামনে ইমোরীয়দের ধ্বংস করেছিলাম। ইমোরীয়রা এরস গাছের মতোই দীর্ঘদেহী ছিল। তারা ওক গাছের মতোই শক্তিশালী ছিল। কিন্তু আমি তাদের ওপরকার ফল এবং নিচেকার শিকড়গুলো নষ্ট করে দিয়েছিলাম।*

১০“আমিই সেই ঈশ্বর যিনি তোমাদের মিশ্র দেশ থেকে নিয়ে এসেছিলাম। ৪০ বছর ধরে আমি তোমাদের মরুভূমির মধ্য দিয়ে পথ দেখিয়ে নিয়ে গিয়েছিলাম। ইমোরীয়দের দেশ অধিকার করতে আমি তোমাদের সাহায্য করেছিলাম। **১১**আমি তোমাদের ছেলেদের কয়েকজনকে ভাববাদী বানিয়েছিলাম। আমি তোমাদের কিছু তরণদের নাসরায় করেছি। ইস্রায়েলের লোকেরা, শোনো, সত্য কথাটা হচ্ছে এই।” প্রভু এই কথাগুলো বলেছিলেন। **১২**“কিন্তু তোমরা নাসরায়দের দ্রাক্ষারস পানে আসক্ত করেছিলে। তোমরাই ভাববাদীদের

আমি ... দিয়েছিলাম এর অর্থ পিতামাতা এবং তাদের ছেলে-মেয়েরা।

ভাববাণী করতে বিরত করেছিলে। **১৩**তোমরা যেন আমার কাছে ভারী বোঝার মতো। অতিরিক্ত খড় বোঝাই মালবাহী গাড়ির মতোই আমি ভারের চাপে নীচু হয়ে গেয়েছি।

১৪কোন মানুষই পালাতে পারবে না— ক্ষিপ্রতম দৌড়বীরও না। শক্তিশালী লোকেরা আর শক্তিশালী থাকবে না। সৈন্যরা তাদের নিজেদের রক্ষা করতে সমর্থ হবে না। **১৫**তীর-ধনুকধারী মানুষও রক্ষা পাবে না। দ্রুততম মানুষেরাও পালাতে পারবে না। ঘোড়ায় চড়া মানুষও পালিয়ে বাঁচতে পারবে না। সেই সময়ে, খুব সাহসী সৈন্যরা পর্যন্ত পালিয়ে যাবে। এমনকি তারা জামা-কাপড় পর্যন্ত পরতে সময় পাবে না।” প্রভু এই কথাগুলো বলেছিলেন।

ইস্রায়েলের প্রতি সতর্কবাণী

৩ইস্রায়েলবাসীরা, এই বার্তাটি শোন! ইস্রায়েল, তোমাদের জন্যই প্রভু এই কথাগুলো বলেছিলেন। এই বার্তাটি তোমাদের সব পরিবারের (ইস্রায়েল) জন্যেই যাদের আমি মিশ্র দেশ থেকে নিয়ে এসেছিলাম। **২**“পৃথিবীতে অনেক পরিবার আছে। কিন্তু বিশেষভাবে জানবার জন্য একমাত্র তোমার পরিবারকেই আমি বেছে নিয়েছিলাম। এবং তোমরা আমার বিরুদ্ধে গিয়েছিলে। সেজন্য আমি তোমাদের সব পাপ কাজের জন্য শাস্তি দেব।”

ইস্রায়েলের শাস্তির কারণ

৩একমত না হলে দুজন লোক কখনোই হাঁটতে পারবে না! **৪**একটি পশুকে ধরার পরেই একটি যুব সিংহ অরণ্যে গর্জন করে। যদি একটি সিংহ তার গুহায় গর্জন করে তার মানে হল সে কোন শিকার ধরেছে। **৫**মাঠের মধ্যে বিছানো জালে যদি কোন খাদ্য না থাকে, তবে কোন পাথী উড়ে এসে তার মধ্যে পড়বে না। জালের মুখ তখনই বন্ধ হবে, যখন তাতে কিছু ধরা পড়বে।

যদি শিঙায় সতর্ক বাঁশী বেজে ওঠে তখনই কি মানুষ সত্যিই ভয়ে কাঁপতে থাকবে না? যদি শহরে বিপদ আসে, তখন বুঝতে হবে প্রভু তা ঘটিয়েছেন। আমার প্রভু, আমার সদাপ্রভু কিছু করার জন্য মনস্তির করেছেন। কিন্তু কিছু কাজ করার আগে, তিনি তাঁর সেবক ভাববাদীদের তাঁর পরিকল্পনাগুলি না বলে থাকবেন না। **৬**যদি কোন সিংহ গর্জন করে, তবে লোকে ভয় পাবে। যদি প্রভু কথা বলেন তবেই ভাববাদীরা ভাববাণী করবে।

৭-১০অস্দোদের এবং মিশ্রের প্রাসাদের ওপরে যাও এবং এই বার্তাটি ঘোষণা কর: “শমরিয়ার পর্বতে চলে এস। সেখানে তুম বিরাট বিশ্ঞুলা দেখতে পাবে। কারণ লোকেরা জানেনা কি করে সঠিকভাবে জীবনযাপন করতে হয়। তারা অন্য লোকেদের কাছ থেকে জিনিস নিয়ে নিত এবং ওই জিনিসগুলো তাদের প্রাসাদে লুকিয়ে রাখত।

জোৱ কৰে কেড়ে নেওয়া জিনিসগুলোতেই তাদেৱ কোষাগৱ পূৰ্ণ হয়ে গিয়েছিল।”

11সেইজন্য প্ৰভু বলেছেন, “এক শ্ৰেণি সেই দেশে আসবে। সেই শ্ৰেণি এসে তোমাদেৱ শক্তি হৱণ কৱবে। তোমাদেৱ উচু মিনাৱে তোমৱা যেসব জিনিস লুকিয়ে রেখেছো তা সে নিয়ে ঘাৰে।”

12সেজন্যে প্ৰভু বলেছেন,

“একটি সিংহ কোন মেষকে আঞ্চলিক কৱলে এবং একজন মেষপালক মেষটিকে রক্ষা কৱাৰ চেষ্টা কৱলে মেষপালকটি মেষেৱ কেবলমাত্ৰ কিছু অংশই বাঁচাতে পাৱবে। সে হয়ত সিংহেৱ মুখ থেকে মেষেৱ দুটো পা অথবা কানেৱ একটি অংশ টেনে নিতে পাৱবে। একইভাৱে, ইন্দ্ৰায়েলেৱ অধিকাংশ লোকই রক্ষা পাৰে না। শমৰিয়ায় ঘাৰা বাস কৱছে তাৱা হয়ত বিছানাৰ কেবলমাত্ৰ একটা কোণ রক্ষা কৱতে পাৱবে, অথবা শয়্যাৱ চাদৰেৱ এক টুকৱো।”

13আমাৰ সদাপ্ৰভু, প্ৰভু সৰ্বশক্তিমান ঈশ্বৱ এই কথাগুলো বলেছেন: “এই বিষয়গুলি সম্বন্ধে ঘাৰোৱেৱ পৱিবাৱকে (ইন্দ্ৰায়েল) সতৰ্ক কৱে দাও। **14**ইন্দ্ৰায়েল পাপ কাজ কৱছে এবং আমি তাদেৱ পাপ কাজেৱ জন্য শাস্তি দেব। যখন আমি তা কৱব তখন বৈথেলেৱ বেদীগুলি ও ধৰংস কৱব। বেদীৱ শৃঙ্গ গুলি কেটে দেওয়া হবে এবং সেগুলো মাটিতে পড়ে ঘাৰে। **15**আমি শীতকালেৱ বাড়ীৱ সঙ্গে সঙ্গে গৱমকালেৱ বাড়ীও ধৰংস কৱব। হাতিৰ দাঁতেৱ বাড়ীগুলি ও ধৰংস হবে। বহু বাড়ী ধৰংস হবে।” প্ৰভু ওই কথাগুলি বলেছিলেন।

যে নারীৱা প্ৰেম ভালোৱাসে

4 **শ**মৰিয়াৱ পৰ্বতে বাশনেৱ যে গাভীৱা চৰে বেড়াচ্ছে তোমৱা শোন। শমৰিয়াৱ ধনী নারীদেৱ কথাই বলা হচ্ছে। বাশন যদৰ্দন নদীৱ পূৰ্বতীৱে অবস্থিত একটি জ্যায়গা। এই অঞ্চলেৱ বড় বড় ঘাঁড় ও গৱু বিখ্যাত। তোমৱা গৱীবদেৱ আঘাত কৱছ। তোমৱা ওই গৱীৱ মানুষদেৱ সৰ্বনাশ কৱছ। তোমৱা তোমাদেৱ স্বামীদেৱ বলছ, “আমাদেৱ জন্য কিছু পানীয় আনো।”

আমাৰ প্ৰভু, আমাৰ সদাপ্ৰভু একটি প্ৰতিশ্ৰুতি কৱেছিলেন, তিনি তাৰ পৰিব্ৰাতাৰ দ্বাৱা। প্ৰতিশ্ৰুতি কৱেছিলেন তোমাদেৱ কাছে বিপদ আসবেই। লোকে আংটাৱ সাহায্যে তোমাদেৱ বন্দী হিসেবে নিয়ে ঘাৰে। তোমাদেৱ সন্তানদেৱ নিয়ে ঘাৰাবাৰ জন্য তাৱা বঁড়শি ব্যৱহাৰ কৱবে। **3**তোমাদেৱ শহৰ ধৰংস হবে। স্বীলোকেৱা শহৱেৱ দেওয়ালেৱ ফাটল দিয়ে বেৱিয়ে নিজেদেৱ ওই মৃত দেহেৱ স্তুপেৱ ওপৱ নিক্ষেপ কৱবে।

প্ৰভু এই কথাটি বলেছেন, “বৈথেলেৱ ঘাৰ এবং পাপ কৱ! গিলগলে গিয়ে আৱো বেশী কৱে পাপ কৱ। সকালে তোমাদেৱ বলি উৎসৱ কৱ। প্ৰতি তিন দিনেৱ উৎসৱেৱ জন্য তোমাদেৱ শস্যেৱ এক দশমাংশ নিয়ে এসো। **5**খামিৰ দিয়ে তৈৱি কোনো জিনিস দিয়ে ধন্যবাদ উৎসৱ দাও। প্ৰত্যেককে স্বেচ্ছা উৎসৱগৰ কথা বলো।

ইন্দ্ৰায়েল, তুমি ঐ কাজগুলো কৱতে ভালবাস; সে জন্য ঘাৰ এবং সেগুলো কৱ।” প্ৰভু এই কথাগুলো বলেছিলেন। **আমাৰ** কাছে তোমৱা ঘাৰে আসো তাৰ জন্য আমি অনেক কাজ কৱেছিলাম। আমি তোমাদেৱ কোন খাদ থেকে দিই নি। তোমাদেৱ কোন শহৱেও আৱ কোন খাবাৰ ছিল না। কিন্তু তোমৱা আমাৰ কাছে ফিরে আসো নি।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন।

7‘তাছাড়া আমি বৃষ্টিও বন্ধ কৱেছিলাম— এবং সেটা ফসল তোলাৰ তিন মাস আগেকাৰ কথা। সেজন্য কোন শস্য জন্মায় নি। তখন আমি একটি মাত্ৰ শহৱে বৃষ্টি হতে দিয়েছি, কিন্তু অন্য কোন শহৱে নয়। দেশেৱ একটি অংশে বৃষ্টি পড়েছিল, কিন্তু দেশেৱ অন্য অংশেৱ জমি খুবই শুকনো হয়ে গিয়েছিল। **8**সেজন্য দুটি অথবা তিনটি শহৱেৱ সাধাৱণ মানুষৱা জল পাওয়াৱ জন্য অন্য শহৱেৱ কষ্ট কৱে গিয়েছিল— কিন্তু সেখানে প্ৰত্যেক মানুষেৱ জন্য যথেষ্ট পৱিমাণে জল ছিল না। তখনও পৰ্যন্ত তোমৱা আমাৰ কাছে সাহায্যেৱ জন্য আসোনি।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন।

9“তোমাদেৱ ফসলগুলো রোদ এবং উভাপ দিয়ে আমিই মেৰে ফেলেছি। আমি তোমাদেৱ বাগান এবং দ্বাক্ষাক্ষেত্ৰ ধৰংস কৱেছি। পঙ্গ পালেৱা তোমাদেৱ দুমুৱ গাছ এবং জলপাই গাছ খেয়ে নিয়েছে। কিন্তু তখনও পৰ্যন্ত তোমৱা আমাৰ কাছে সাহায্যেৱ জন্য আসোনি।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন। **10**আমি তোমাদেৱ বিৱুদ্বে সংগ্ৰহমক ব্যাধি পাঠিয়েছি, মিশ্ৰে যেৱকম আমি কৱেছিলাম। আমি তৱবাৰি দ্বাৱা তোমাদেৱ যুবকদেৱ হত্যা কৱেছি। আমি তোমাদেৱ ঘোড়াগুলোকে নিয়ে নিয়েছি। আমি তোমাদেৱ তাঁবুগুলোকে শব দেহেৱ দুৰ্গন্ধে ভৱে দিয়েছিলাম। কিন্তু তখনও পৰ্যন্ত তোমৱা সাহায্যেৱ জন্য আমাৰ কাছে আসো নি।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন। **11**সদোম এবং ঘমোৱাকে আমি যেভাবে ধৰংস কৱেছিলাম তোমাদেৱও সেইৱকমভাৱে আমি ধৰংস কৱেছিলাম এবং ঐ শহৱগুলো সম্পূৰ্ণৱপে ধৰংস হয়ে গিয়েছিল। তোমৱা তখন আগুন থেকে টেনে আনা জুলন্ত কাঠেৱ মতোই হয়েছিলে। কিন্তু তখনও পৰ্যন্ত তোমৱা আমাৰ কাছে সাহায্যেৱ জন্য ফিরে আসোনি।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন।

12“সেজন্য ইন্দ্ৰায়েল, আমি তোমাৰ সঙ্গে এই কাজগুলো কৱব। আমি তোমাৰ জন্যে এই কাজটি কৱব। ইন্দ্ৰায়েল, তোমাৰ ঈশ্বৱেৱ সঙ্গে সাক্ষাৎ কৱবাৰ জন্য প্ৰস্তুত হও। **13**আমি কে? আমিই হচ্ছি সেই, যে পৰ্বতগুলোকে তৈৱি কৱেছিলাম। আমি তোমাদেৱ মনগুলোকে সৃষ্টি কৱেছিলাম। আমি লোকেদেৱ শিক্ষা দিয়েছিলাম কি কৱে কথা বলতে হয়। আমি উষাকে অন্ধকাৱে পৱিবৰ্তিত কৱেছি। আমি পৃথিবীৱ পৰ্বতগুলোৱ ওপৱ দিয়ে হাঁটি। আমি কে? আমাৰ নাম হচ্ছে যিহোবা, সৈন্যদলেৱ ঈশ্বৱ।”*

ইন্দ্ৰায়লেৰ জন্য দুঃখেৰ গান

৫ ইন্দ্ৰায়লবাসীৱা, এই গানটি শোন। এই বিলাপেৰ গানটি তোমাদেৱই জন্যে।

ইন্দ্ৰায়লেৰ কুমাৰীস্ব নষ্ট হয়ে গেছে। সে আৱ উঠবে না। সে একাকী নোংৱাৰ উপৰ পড়ে আছে। তাকে ওঠাৰ জন্য কোন লোকই নেই।

প্ৰভু আমাৰ, সদাপ্ৰভু এই কথাগুলো বলছেন: “সৈন্যৱা যাবা 1,000 লোককে নিয়ে শহৰ ত্যাগ কৰবে তাৱা শুধু 100 জন নিয়ে ফিরে আসবে। 100 জন নিয়ে যাবা শহৰ ছেড়ে বাইৱে যাচ্ছে, তাৱা কেবলমাত্ৰ 10 জন লোক নিয়ে ফিরবে।

ফিরে আসাৰ জন্য প্ৰভু ইন্দ্ৰায়লকে উৎসাহিত কৰছেন

ইন্দ্ৰায়লবাসীকে (ইন্দ্ৰায়লেৰ রাজপৰিবাৱেৰ লোকেদেৱ হয়তো ইঙ্গিত কৰা হয়েছে) প্ৰভু এই কথাটি বলছেন: “আমাৰ অগ্ৰেষণ কৰ এবং জীৱনে বাঁচ।

কিন্তু বৈথেলেৰ দিকে তাকিও না। গিলগলে যেও না। সীমান্ত পেৱিও না এবং বেৱ-শেৱাতে যেও না। গিলগলবাসীদেৱ কয়েদী হিসাবে নিয়ে যাওয়া হবে এবং বৈথেল ধৰংস হবে।

প্ৰভুৰ কাছে যাও এবং বেঁচে থাকো। যদি তোমৱা প্ৰভুৰ কাছে না যাও, তবে যোৱেফেৰ বাড়ীতে আগুন লাগাতে শুৰু কৰবে। সেই আগুন যোৱেফেৰ গৃহ ধৰংস কৰবে এবং কোন মানুষই বৈথেলেৰ সেই আগুন নেভাতে পাৱবে না।

৭-সাহায্যেৰ জন্য তোমাদেৱ ঈশ্বৰেৰ কাছে যাওয়া উচিত। ঈশ্বৰ প্লিয়েডস এবং ওৱিওনকে* সৃষ্টি কৰেছিলেন। তিনি অন্ধকাৱেকে ভোৱেৰ আলোতে পৱিবৰ্তিত কৰেছেন। তিনি দিনকে অন্ধকাৱেৰ রাত্ৰিতে পৱিবৰ্তিত কৰেছেন। তিনি সমুদ্ৰেৰ জলকে আহৰণ কৰেছেন এবং পৃথিবীতে তাদেৱ ঢেলে দিচ্ছেন। তাঁৰ নাম হচ্ছে যিহোৱা (প্ৰভু)। তিনিই সেই যিনি শক্তিশালী শহৱে হিংসা বাড়ান। তিনিই সেই, যিনি একটা সুৱক্ষিত শহৱকে হিংসাত্মক অপৱাধ দ্বাৱা ধৰংস হতে দেন।”

ইন্দ্ৰায়লবাসীৱা যে মন্দগুলো কৰেছে

তোমৱা ধাৰ্মিকতাকে বিষে পৱিবৰ্তন কৰ এবং ন্যায় বিচাৱকে হত্যা কৰে তা ভূপতিত কৰ।

১০ভাৱবাদীৱা জনসাধাৱণেৰ কাছে যায়, এবং সাধাৱণ মানুষ যে খারাপ কাজ কৰছে তাৱ বিৱৰণে কথা বলে। যে ভাৱবাদীৱা ন্যায় এবং সহজ সত্য শেখায় লোকে তাদেৱ ঘৃণা কৰে এবং লোকেৱা ঐ ভাৱবাদীদেৱ ঘৃণা কৰে।

১১তোমৱা গৱীৰ লোকেদেৱ কাছ থেকে অন্যায়ভাৱে কৰ নিচ্ছ। তোমৱা তাদেৱ কাছ থেকে প্ৰচুৰ পৱিমাণ গম নিচ্ছ। তোমৱা পাথৱেৰ টুকৱো দিয়ে শৌখিন বাড়ি

*প্লিয়েডস এবং ওৱিওনকে দুটি বিখ্যাত নক্ষত্ৰগুচ্ছ।

বানাচ্ছ। কিন্তু তোমৱা কখনই ওই বাড়িগুলোতে বাস কৰতে পাৱবে না। তোমৱা সুন্দৰ দ্রাক্ষাক্ষেত তৈৱী কৰছো। কিন্তু তোমৱা কখনই ঐ দ্রাক্ষাক্ষেত থেকে তৈৱী গৱীৰ আস্বাদ কৰতে পাৱবে না।

১২কেন? কাৱণ, আমি তোমাদেৱ বহু অপৱাধেৰ খবৰ জানি। তোমাদেৱ পাপাচাৰ খুবই খাৱাপ। যেসব মানুষ ভাল কাজ কৰছে তাদেৱ তোমৱা আঘাত কৰেছ। অপৱাধ চাপা দেৱাৰ জন্য তোমৱা অৰ্থ নিচ্ছ। তোমৱা গৱীৰ লোকেদেৱ তাদেৱ মামলাগুলিৰ সুবিচাৱেৰ জন্য আদালতে আনাৰ সুযোগ দাও না।

১৩সেই সময়ে, বিজ্ঞ শিক্ষকৰা নীৱৰ হয়ে যাবেন। কেন? কাৱণ, সময়টা খাৱাপ।

১৪তোমৱা বলো যে, ঈশ্বৰ তোমাদেৱ সঙ্গে আছেন। সেজন্যে ভাল কাজ কৰ, খাৱাপ কাজ নয়। তাহলে তোমৱা বাঁচবে এবং প্ৰভু সৰ্বশক্তিমান ঈশ্বৰ সত্যিই তোমাদেৱ সঙ্গে থাকবেন।

১৫যা মন্দ তাকে ঘৃণা কৰ এবং যা ভাল তাকে ভালবাসো। আদালতে ন্যায় বিচাৰ ব্যবস্থা ফিরিয়ে নিয়ে এসো। হয়তো তাহলে প্ৰভু সৰ্বশক্তিমান যোৱেফেৰ পৱিবাৱে যাঁৱা বেঁচে আছেন তাঁদেৱ প্ৰতি দয়াপৱৰণ হবেন।”

বড় দুঃখেৰ সময় আসছে

১৬আমাৰ সদাপ্ৰভু সৰ্বশক্তিমান ঈশ্বৰৰ বলেন, “লোকে জনসাধাৱণেৰ বিলাপ কৰবে। সাধাৱণ লোক রাস্তাঘাটে কাঁদবে। লোকেৱা পেশাদাৱীৰ বিলাপকাৰীদেৱ ভাড়া কৱে আনবে।

১৭দ্রাক্ষাক্ষেত সাধাৱণ লোকেৱা চিৎকাৱ কৱে কাঁদবে। কাৱণ আমি সে পথ দিয়ে যাবাৰ সময়ে তোমাদেৱ শাস্তি দেব।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন।

১৮তোমাদেৱ মধ্যে কয়েকজন প্ৰভুৰ বিচাৱে দিনটি দেখতে চাইছো। তোমৱা কেন ঐ বিশেষ দিনটি দেখতে চাইছো? প্ৰভুৰ ঐ বিশেষ দিনটিতে অন্ধকাৱই নিয়ে আসবে, আলো নয়।

১৯তোমৱা এমন মানুষেৰ মতো হবে যে সিংহেৰ আগ্ৰামণ থেকে পালাতে পাৱে কিন্তু ভালুকেৰ দ্বাৱা। আগ্ৰাম্ব হয়! তোমৱা এমন একটি লোকেৱ মত হবে যে নিৱাপত্তাৰ জন্য বাড়ীতে যায় অথচ দেওয়ালে হেলান দিলেই সাপ তাকে কামড়ায়!

২০প্ৰভুৰ বিশেষ দিনটি দুঃখেৰ হবে, আনন্দেৱ নয়! অন্ধকাৱেৰ দিন হবে, আলোৰ নয়। তা নৈৱাশ্যেৰ দিন হবে মিটমিটে আলোও সেখানে থাকবে না।

প্ৰভু ইন্দ্ৰায়লেৰ উপাসনা প্ৰত্যাখান কৰছেন

২১“আমি তোমাৰ ছুটিৰ দিনগুলো ঘৃণা কৱি! আমি তাদেৱ স্বীকাৰ কৰবো না! আমি তোমাদেৱ ধৰ্মীয় সভাগুলো উপভোগ কৰতে পাৱি না।

২২এমনকি আমাকে উৎসৱ কৱাৰ জন্য যদি হোমবলি উৎসৱ এবং শস্যেৰ উৎসৱ দাও আমি সেগুলো গ্ৰহণ

কৰব না! এমনকি আমি স্তুলকায় পশ্চিমলোর দিকে তাকাবো না যা তুমি মঙ্গল নৈবেদ্যের জন্য উৎসর্গ কৰ।

২৩তোমাদের চিৎকার কৰা গানগুলো এখান থেকে নিয়ে যাও। আমি তোমাদের বীণার সুরও শুনতে চাই না।

২৪তোমাদের দেশের মধ্যে সর্বত্র সুবিচারের ধারা জলের মতোই সহজে বয়ে যেতে দাও। ধার্মিকতা স্নোতের মত বয়ে যাক যেটা কখনও শুকিয়ে যাবে না।

২৫ইন্দ্ৰায়েল, তোমৰা 40 বছৰ ধৰে আমাৰ জন্যে মৱভূমিতে উৎসর্গ এবং নৈবেদ্য দিয়েছিলে।

২৬কিন্তু তোমৰা তোমাদের রাজা সিকুৎ এবং কিয়নুৰে* মূৰ্তিও বহন কৰেছ। এবং তোমৰা নিজেৱা তোমাদের দেবতাদের জন্য তাৰা বানিয়েছিলে।

২৭সেজন্যে দয়েশকেৰ ওপাৰে বন্দী হিসাবে যেন তোমাদের নিয়ে যাওয়া হয় তাৰ ব্যবস্থা কৰব।” প্ৰভু ঐ কথাগুলো বলেছিলেন। তাৰ নাম সৰ্বশক্তিমান ঈশ্বৰ!

ইন্দ্ৰায়েলেৰ কাছ থেকে সুসময়টুকু নিয়ে নেওয়া হবে

৬ সিয়োনেৰ তোমৰা যারা খুব আৱামে জীৱনযাপন কৰছ এবং শমৰিয়া পৰ্বতে যারা নিৱাপত্তা অনুভূব কৰছ তাদেৰ জন্য খাৱাপ সময় আসছে। সবচেয়ে গুৱত্ত্ব পূৰ্ণ জাতিতে “গুৱত্ত্ব পূৰ্ণ” নেতাসমূহ। ইন্দ্ৰায়েলবাসীৰা তোমাদেৰ কাছে সাহায্যেৰ জন্য আসে।

৭কল্নীতে গিয়ে দেখো। সেখান থেকে বৃহৎ শহৰ হমাতে যাও। পলেষ্টীয়দেৰ শহৰ গাতে যাও। তোমৰা কি এই রাজ্যগুলি থেকে বেশী ভাল আছো? না। তাদেৰ দেশগুলি তোমাদেৰ দেশগুলিৰ থেকে বড়।

৮তোমৰা যারা খাৱাপ সময় এড়িয়ে যেতে চাইছ, তাৰা হিংসাৰ শাসন এমশং কাছে নিয়ে আসছ।

৯কিন্তু এখন তোমৰা সবৱকম আৱাম উপভোগ কৰছ। তোমৰা হাতিৰ দাঁতেৰ খাটে শুয়ে আছো। এবং তোমৰা শয্যায় হাত-পা ছড়িয়ে দিয়েছ। তোমৰা আস্তাবল থেকে বাচুৰ এবং মেষেৰ দল থেকে ছোট ছোট মেষগুলো এনে খাচ্ছ।

১০তোমৰা তোমাদেৰ বীণা বাজাচ্ছে। এবং দায়ুদেৰ মত, বাজনা বাজনো অভ্যাস কৰছ।

১১শৌখীন পেয়ালা থেকে তোমৰা দ্রাক্ষারস পান কৰছ। এবং সবচেয়ে ভালো সুগন্ধি ব্যবহাৰ কৰছ। এবং যোবেফেৰ পৰিবাৰ যে নষ্ট হয়ে যাচ্ছ তাৰ জন্য মোটেই উদ্বিগ্ন নও।

১২ই লোকেৱো এখন তাদেৰ শয্যায় শৰীৰ এলিয়ে দিয়েছে। কিন্তু তাদেৰ সুসময় শেষ হবে। তাদেৰ বন্দী হিসাবে বিদেশী রাজ্য নিয়ে যাওয়া হবে। এবং তাৰাই হবে প্ৰথম নিয়ে যাওয়া বন্দী লোকেৰ দল। **১৩**প্ৰভু আমাৰ সদাপ্ৰভু তাৰ নাম ব্যবহাৰ কৰেছেন এবং এই প্ৰতিশ্ৰুতি কৰেছেন:

“যে জিনিসেৰ জন্য যাকোব গৰ্ব কৰে সে জিনিসকে

আমি ঘৃণা কৰি। আমি তাদেৰ প্ৰাসাদগুলিকে ঘৃণা কৰি। তাই আমি শএংদেৰ এই শহৰ এবং এৰ মধ্যে সবকিছু গ্ৰেপ্তাৰ কৰতে দেব।”

ইন্দ্ৰায়েল জাতিৰ মধ্যে অল্প কয়েকজনই বেঁচে থাকবে

১৪সেই সময়ে, কোন বাড়ীতে যদি দশ জনও বেঁচে থাকে তবে তাৰাও মাৰা যাবে। **১৫**এবং যখন কেউ মাৰা যায় তখন একজন আত্মীয় সেই দেহ নিতে আসবে যাতে সে মৃতদেহ বেৰ কৰে নিয়ে গিয়ে দাহ কৰতে পাৰে। আত্মীয়স্বজন অস্থিগুলোকে নিয়ে যাবাৰ জন্য আসবে। আৱ ঘাৱেৰ পিছনে থাকা কোন লোককে উদ্দেশ্য কৰে চিৎকাৰ কৰে বলবে, “এখানে কি তোমাৰ কাছে কোন মৃতদেহ আছে?”

সেই ব্যক্তিটি উত্তৰে বলবে, “না...!”

তখন সেই লোকটিৰ আত্মীয় বাধা দিয়ে বলবে, “চুপ কৰো। আমৰা প্ৰভুৰ নাম ব্যবহাৰ কৰতে চাই না।”

১৬দেখো, ঈশ্বৰ আদেশ দেবেন এবং বৃহৎ বাড়ীগুলি টুকৰো টুকৰো হয়ে ভেঙ্গে পড়বে এবং ছোট বাড়ীগুলি ছোট ছোট খণ্ডে ভেঙ্গে পড়বে।

১৭ঘোড়াৱা কি আলগা পাথৰেৰ উপৰ দিয়ে ছোটে? না! লোকেৱা কি লাঙ্গল দেওয়াৰ জন্য গৱণগুলোকে পাথৰেৰ ওপৰ ব্যবহাৰ কৰে? না! কিন্তু তোমৰা সবকিছু উল্লেট ফেলো। তোমৰা ধার্মিকতাকে বিষে পৱিণত কৰেছিলে। আৱ ন্যায় বিচাৰকে তিঙ্ক বিষে পৱিণত কৰ।

১৮তোমৰা লো-দেবৱে* আনন্দ কৰ। তোমৰা বলছ, “আমৰা আমাদেৰ নিজস্ব শক্তিবলে কাৰ্নেম অধিকাৰ কৰেছি।”

১৯“কিন্তু ইন্দ্ৰায়েল, আমি তোমাদেৰ বিৱুকে একটি জাতিকে পাঠাব। সেই জাতি তোমাদেৰ সমস্ত দেশেৰ মধ্যে গণগোলেৰ সৃষ্টি কৰবে। লেবো-হমাহ থেকে আৱবাহ-ক্ৰক পৰ্যন্ত সবটা জুড়ে।” প্ৰভু সৰ্বশক্তিমান ঈশ্বৰ ওই কথাগুলো বলেছিলেন।

পঞ্চ পাল বিষয়ক দৰ্শন

২০প্ৰভু এই জিনিসটি আমাকে দেখিয়েছিলেন: যখন দ্বিতীয়বাৰ শস্য বাড়তে আৱস্ত কৰেছে সেই সময়ে তিনি পঞ্চ পালদেৱৰ তৈৱী কৰেছিলেন। রাজা প্ৰথম শস্য কেটে নেওয়াৰ পৱ এটা ছিল দ্বিতীয় শস্য চাষ। যখন পঞ্চ পাল দেশেৰ সমস্ত ঘাস ধৰংস কৰে ফেলেছিল, তখন আমি বলেছিলাম, “হে প্ৰভু, আমাৰ সদাপ্ৰভু, দয়া কৰে আমাদেৰ ক্ষমা কৰৱণ! যাকোব কিভাৱে উদ্বার পাৰে? সে এত ক্ষুদ্ৰ! কাৰণ সে খুব দুৰ্বল।”

২১তখন প্ৰভু এই বিষয়ে তাৰ মন পৱিবৰ্তন কৰে বললেন, “এইৱকম ঘটবে না।”

আগন্তুনিৰ দৰ্শন

২২প্ৰভু আমাৰ সদাপ্ৰভু এই বিষয়গুলি আমাকে দেখালেন: আমি দেখলাম প্ৰভু ঈশ্বৰ বিচাৰেৰ জন্য লো-দেবৱে একটি জায়গাৰ নাম। এৱ অৰ্থ “কিছু না।”

আগুনকে ডাকছেন। সেই আগুন গভীর সাগরকে ধ্বংস করেছিল এবং ভূমিকেও গ্রাস করতে শুরু করেছিল। ৫তখন আমি বললাম, “হে প্রভু ঈশ্বর, দয়া করে ক্ষান্ত হোন। যাকোব কিভাবে রক্ষা পাবে? কারণ সে ক্ষুদ্র।”

৬তখন প্রভু এবিষয়ে তাঁর মন পরিবর্তন করে বললেন, “এই ঘটনাও ঘটবে না।”

ওলন দড়ির দর্শন

৭প্রভু আমাকে এই দর্শন দেখালেন: প্রভু তাঁর হাতে ওলন দড়ি নিয়ে এক দেওয়ালের ধারে দাঁড়িয়েছিলেন। ৮প্রভু আমায় বললেন, “আমোষ, তুমি কি দেখছ?”

আমি বললাম, “একটি ওলন-দড়ি।”

তখন আমার সদাপ্রভু বললেন, “দেখ, আমি ইস্রায়েলের লোকের মধ্যে ওলন-দড়ি রাখব। তাদের ‘অসাধুতাকে’ আমি আর ফস্কাতে দেব না। আমি কালো দাগগুলি* সরিয়ে দেব। ৯ইস্থাকের উচ্চ স্থানগুলি ধ্বংস হবে। ইস্রায়েলের পবিত্র স্থানগুলো পাথরের ঢিবিতে পরিণত করা হবে। আমি যারবিয়ামের পরিবারকে আক্রমণ করে তরবারি দ্বারা হত্যা করব।”

অমৎসিয় আমোষকে থামাতে চেষ্টা করলেন

১০অমৎসিয়, বৈথেলের প্রধান যাজক ইস্রায়েলের রাজা। যারবিয়ামের কাছে এই বার্তা পাঠালেন: “আমোষ আপনার বিরুদ্ধে চেষ্টা করছে। ইস্রায়েলের লোকেরা যাতে আপনার বিরুদ্ধে যুদ্ধ করে সে তার চেষ্টা করছে। সে এত কথা বলছে যে তার সব কথা এই দেশ ধরে রাখতে পারছে না। ১১আমোষ বলছে, ‘যারবিয়াম তরবারি দ্বারা নিহত হবে এবং ইস্রায়েলের লোকেদের বন্দী হিসাবে তাদের দেশ থেকে বের করে নিয়ে যাওয়া হবে।’” ১২আর অমৎসিয় আমোষকে বলল, “হে দর্শক যিহুদায় চলে যাও, সেইখানে খাও দাও আর প্রচার কর। ১৩কিন্তু বৈথেলে আর কখনও ভাববাণী কর না। এ হল যারবিয়ামের পবিত্র জায়গা, ইস্রায়েলের মন্দির।”

১৪তখন আমোষ উত্তরে অমৎসিয়কে বললেন, “আমি একজন পেশাগত ভাববাদী নই; এমনকি ভাববাদীদের পরিবার থেকেও নই। আমি গো-পালন করি ও ডুমুর গাছের যত্ন নিই। ১৫আমি একজন মেষপালক ছিলাম। কিন্তু প্রভু মেষপাল তত্ত্বাবধানের কাজ থেকে আমায় ডেকে নিলেন এবং বললেন, ‘যাও এবং আমার লোক ইস্রায়েলকে ভবিষ্যত্বাণী কর।’ ১৬তাই প্রভুর বার্তা শোন। তুমি আমায় ইস্রায়েলের বিরুদ্ধে কোন ভাববাণী বলতে ও ইস্হাক পরিবারের কাছে প্রচার করতে নিষেধ করেছ। ১৭কিন্তু প্রভু বলেন, ‘তোমার স্ত্রী নগরের মধ্যে বেশ্যা হবে। তোমার পুত্র-কন্যাদের তরবারি দ্বারা হত্যা করা হবে। অন্য লোকেরা তোমার জমি হস্তগত করে নিজেদের মধ্যে ভাগ করে নেবে আর এক বিজাতীয় দেশে তোমার মৃত্যু হবে। ইস্রায়েলের লোকেদের নিশ্চিতভাবে এই দেশ থেকে বন্দী হিসাবে নিয়ে যাওয়া হবে।’”

কালো দাগগুলি আক্ষরিক অর্থে, “আমি ওদের নিস্তুতি দেব না।”

পাকা ফলের দর্শন

৮প্রভু আমাকে এইরকম দেখালেন: আমি দেখলাম এক ঝুড়ি গ্রীষ্মের ফল। ৯প্রভু আমায় বললেন, “আমোষ তুমি কি দেখছ?”

আমি বললাম, “এক ঝুড়ি গ্রীষ্মকালীন ফল।”

তখন প্রভু আমায় বললেন, “আমার লোক ইস্রায়েলের পরিগাম এসে গেছে। আমি আর তাদের পাপ উপক্ষে করব না।” ৩মন্দিরের গানগুলি শব্দাভাবের করণ গানে পরিণত হবে। প্রভু আমার সদাপ্রভুই আমায় এই কথাগুলো বলেছেন। চারিদিকে শব্দেহ, নীরবে লোকে সেইসব শব্দ দেহ বহন করে এনে স্তুপ করে ফেলে রাখবে।”

ইস্রায়েলের ব্যবসায়ীরা কেবল টাকা উপায়ে উৎসাহী

৪তোমরা যারা অসহায় লোকেদের দাবিয়ে চলো, যারা এই দেশের দরিদ্র লোকদের ধ্বংস করতে চেষ্টা করছ, আমার কথা শোন!

৫তোমরা ব্যবসায়ীরা বলে থাক, “কখন অমাবস্যা গত হবে যাতে আমরা আবার বেচাকেন। করতে পারি? কখন বিশ্রামদিন শেষ হবে যাতে আমরা গম এনে বেচতে পারি? তখন আমরা দাম বাড়াতে পারব এবং মাপের পাত্র ছোট করতে পারব।” আমরা ওজনের হের ফের করে লোক ঠকাতে পারব।

৬গুরীরা তাদের ঋণ শোধ করতে পারবে না। তাই আমরা তাদের গ্রীতদাসের মত কিনে নেব। ওইসব অসহায় লোকেদের আমরা একজোড়া জুতোর দামে কিনে নেব। আমরা মাটিতে পড়ে যাওয়া গম বিক্রি করব।”

৭প্রভু তার নামে প্রতিশ্রূতি করলেন, যাকোবের গর্ব।

“এইসব লোকেরা যেসব কাজ করেছে তা আমি কখনই ভুলে যাব না।

৮স্মস্ত দেশ এসব বিষয়ের জন্য কেঁপে উঠবে। দেশে বসবাসকারী প্রতিটি লোক মৃতদের জন্য এন্ডন করবে। মিশরের নীল নদের মত সমস্ত দেশ উথাল পাতাল করবে।”

৯প্রভু আরও বলেছেন: “সেই সময় আমি সূর্যকে দুপুরবেলাতেই অস্তগত করব। আকাশ পরিস্কার থাকলেও প্রথিবীকে অনঙ্কারাচ্ছন্ন করব।

১০তোমাদের ছুটির দিনগুলোকে মৃতদের জন্য শোকের দিনে পরিণত করব। তোমাদের সমস্ত গানগুলি (মৃতদের জন্য) বিলাপ গীতে পরিণত হবে। প্রত্যেক লোককে শোকবন্ধ পরাব ও প্রত্যেকের মাথায় টাক পড়াব। একমাত্র পুত্রের বিয়োগের শোকের মত শোক করাব। আর শেষটা বড় তিক্ত হবে।”

তখন ... পারব আক্ষরিক অর্থে, “ঐফা ছোট ও শেকল ভারী করব।”

ইংৰেজ কথাৰ জন্য প্ৰবল আকৃতিৰ সময় আসছে

১১প্ৰভু বলেছেন:

“দেখ, এমন দিন আসছে যখন দেশে দুর্ভিক্ষ হবে। লোকে তখন ঝটিৰ জন্য ক্ষুধিত বা জলেৱ জন্য পিপাসিত হবে না। না, লোকে প্ৰভুৰ বাক্যেৱ জন্য ক্ষুধিত হবে।

১২লোকে ইংৰেজ কথাৰ জন্য মৃত সাগৰ থেকে ভূমধ্য সাগৰ পৰ্যন্ত এবং উত্তৰেৱ দেশ থেকে পূৰ্বেৱ দেশ পৰ্যন্ত ঘুৱে বেড়াবে। লোকেৱাৰ প্ৰভুৰ বাক্যেৱ খোঁজে এখানে সেখানে ঘুৱে বেড়াবে কিন্তু তা পাবে না।

১৩সেই সময় সুন্দৱ, তৰণ ও তৰঞ্জীৱাৰ ত্ৰুষ্ণায় অজ্ঞান হয়ে পড়বে। তাৰা শমৰিয়াৰ পাপেৰ* নামে শপথ কৰেছিল, এই বলে, ‘হে দান, আমৱা তোমাৰ দেবতাৰ নামে শপথ কৰেছি’ আমৱা তোমাৰ দেবতা বেৱ-শেৱাৰ নামে শপথ কৰছি।’ কিন্তু তাৰা পড়ে যাবে এবং আৱ কখনো উঠতে পাৱবে না।”

বেদীৰ সামনে দণ্ডয়মান প্ৰভুৰ দৰ্শন

৯আমি আমৱা সদাপ্ৰভুকে বেদীৰ পাশে দাঁড়িয়ে থাকতে দেখলাম। তিনি বললেন,

“স্তন্ত্ৰে মাথায় আঘাত কৰ তাহলে সমস্ত অট্টলিকা নড়ে উঠবে। এমনকি চৌকাঠ পৰ্যন্ত পড়ে যাবে। সেই স্তন্ত্ৰে লোকেদেৱ মাথায় ভেঙ্গে ফেল আৱ তাও যদি কেউ কেউ বেঁচে থাকে তবে আমি তৱৰাবিৰ দ্বাৱা তাদেৱ হত্যা কৰিব। পালালেও, একজনও রক্ষা পাবে না।

তাৰা যদি পাতাল পৰ্যন্ত গভীৰ গৰ্ত খুঁড়ে তাৰ মধ্যে যায়ও আমি তাদেৱ সেখান থেকেও চেনে বেৱ কৰে আনব। তাৰা আকাশে উঠে গেলেও সেখান থেকে আমি তাদেৱ নামিয়ে আনব।

৩ক্রিম্বল পৰ্বতেৱ চূড়ায় লুকিয়ে থাকলেও আমি সেখানে তাদেৱ খুঁজে বেৱ কৰিব। এবং সেখান থেকে নিয়ে আসব। যদি তাৰা সমুদ্রেৱ তলায় গিয়ে আমৱা কাছ থেকে লুকোবাৰ চেষ্টা কৰে, তবে আমি সেখানে সাপকে আদেশ কৰিব আৱ সে তাদেৱ কামড়াবে।

৪যদি তাৰা বন্দী হতে শংগদেৱ সামনে যায় তবে সেখানে আমি তৱৰাবিৰকে আদেশ কৰিব আৱ তা তাদেৱ হত্যা কৰিব। হ্যাঁ, আমি তাদেৱ উপৰ নজৰ রাখিব দেখিব কিভাবে তাদেৱ উপৰ অমঙ্গল আনতে পাৱি, মঙ্গল নয়।”

শান্তি ধৰ্মস পৰ্যন্ত

আমৱা সদাপ্ৰভু সৰ্বশক্তিমান প্ৰভু দেশকে স্পৰ্শ কৰলে তা গলে যাবে। তখন দেশে বসবাসকাৰী সকলে মৃতদেৱ জন্য শোক কৰিব। দেশ মিশ্ৰীয় নীল নদেৱ মতো উথাল পাতাল কৰিব।

৫প্ৰভু তাৰ ওপৱেৱ ঘৱণলো। আকাশেৱ অধিকতৰ উচ্চে তৈৰি কৰেছেন। তিনি তাৰ লোকেদেৱ প্ৰথিবীৰ

ভিত্তিৰ ওপৰ স্থাপন কৰেছেন। তিনি সমুদ্রেৱ জলকে ডাকেন এবং বৃষ্টিৱাপে তা দেশেৱ ওপৰ চেলে দেন। যিহোৱা তাৰ নাম।

ইন্দ্ৰায়লেৱ বিনাশ সম্বন্ধে প্ৰভুৰ প্ৰতিশ্ৰূতি

৭প্ৰভু এই কথা বলেন:

“হে ইন্দ্ৰায়ল, তুমি আমাৰ কাছে কৃশীয়দেৱ মতো। আমি ইন্দ্ৰায়লকে মিশ্ৰ দেশ থেকে বেৱ কৰে এনেছিলাম। আমি কঞ্চোৱ থেকে পলেষ্টীয়দেৱ এবং কীৱ থেকে অৱামীয়দেৱ বেৱ কৰে এনেছিলাম।”

৮প্ৰভু আমাৰ সদাপ্ৰভু পাপপূৰ্ণ রাজ্য, ইন্দ্ৰায়লেৱ দিকে চেয়ে আছেন। প্ৰভু বলেন, “আমি প্ৰথিবীৰ বুক থেকে ইন্দ্ৰায়লকে উৎপাটন কৰিব কিন্তু যাকোবেৱ পৱিবাৱকে সম্পূৰ্ণভাৱে ধৰংস কৰিব না।”

৯আমি ইন্দ্ৰায়ল জাতিকে ধৰংস কৰিবাৰ আদেশ দিচ্ছি। আমি ইন্দ্ৰায়লেৱ লোকেদেৱ সমস্ত জাতিৰ মধ্যে ছড়িয়ে দেব। যখন সে চালনিতে শস্য বাড়ে তখন ভালো শস্যগুলি চালনিৰ ভেতৰ দিয়ে নীচে পড়ে কিন্তু খারাপ ডেলাগুলি ধৰা পড়ে। যাকোবেৱ পৱিবাৱেৱ সঙ্গে তেমনটি কৰা হবে।

১০আমাৰ লোকেদেৱ মধ্যে পাপীৱাৰ বলে, ‘আমাদেৱ কোন মন্দ ঘটবে না।’ কিন্তু তাদেৱ সবাইকে তৱৰাবিৰ আঘাতে হত্যা কৰা হবে।”

রাজ্য পুনঃস্থাপনেৱ জন্য ইংৰেজ প্ৰতিশ্ৰূতি

১১“দায়ুদেৱ তাৰুৰ* পতিত হয়েছে। কিন্তু সেই সময় আমি আবাৱ তা স্থাপন কৰিব। আমি দেওয়ালেৱ গৰ্তগুলো সারাবো। আমি এৱ ধৰংসস্তুপ থেকে আবাৱ গড়িব। আমি তাকে পূৰ্বে যেমন ছিল সেইভাৱে আবাৱ গড়ে তুলিব।

১২তাৰপৰ, তাৰা, যাৱা আমাৰ নামে অভিহিত হয়, তাৰা ইদোমেৱ এবং দেশেৱ অন্যান্য অবশিষ্ট অংশেৱ সন্তুষ্টি গ্ৰহণ কৰিব। প্ৰভু বলেন, তিনি এগুলো কৰিবেন।

১৩প্ৰভু বলেন, “সেই সময় আসছে যখন হালবাহক শস্য ছেদকেৱ সঙ্গে তাল মিলিয়ে পা ফেলিব। দ্রাক্ষা মৰ্দনকাৰী, দ্রাক্ষা চয়নকাৰীকে ছাড়িয়ে যাবে। পৰ্বত এবং উপপৰ্বত থেকে মিষ্টি দ্রাক্ষারস বাৱে পড়বে।

১৪আমি আমাৰ লোকেদেৱ ইন্দ্ৰায়লকে বন্দী দশা থেকে ফিরিয়ে আনিব। তাৰা ধৰংস হয়ে যাওয়া শহৰগুলি আবাৱ গড়বে এবং সেখানে বাস কৰিব। তাৰা দ্রাক্ষাক্ষেত্ৰ স্থাপন কৰিব এবং তাদেৱ উৎপন্ন দ্রাক্ষারস পান কৰিব। তাৰা বাগান কৰিব এবং তা থেকে ফল আহৰণ কৰে থাবে।

১৫আমি আমাৰ লোকেদেৱ তাদেৱ দেশে স্থায়ীভাৱে বসবাস কৰিব। যে দেশ আমি তাদেৱ দিয়েছি, সেখান থেকে তাদেৱ আৱ কখনও বিচ্ছিন্ন কৰা হবে না।” প্ৰভু তোমাৰ সৰ্বশেষ এইসব বলেছেন।

দায়ুদেৱ তাৰুৰ এৱ অৰ্থ হতে পাৱে জেৱশালেম শহৰ অথবা যিহুদাৰ দেশ।

License Agreement for Bible Texts

World Bible Translation Center
Last Updated: September 21, 2006

Copyright © 2006 by World Bible Translation Center
All rights reserved.

These Scriptures:

- Are copyrighted by World Bible Translation Center.
- Are not public domain.
- May not be altered or modified in any form.
- May not be sold or offered for sale in any form.
- May not be used for commercial purposes (including, but not limited to, use in advertising or Web banners used for the purpose of selling online add space).
- May be distributed without modification in electronic form for non-commercial use. However, they may not be hosted on any kind of server (including a Web or ftp server) without written permission. A copy of this license (without modification) must also be included.
- May be quoted for any purpose, up to 1,000 verses, without written permission. However, the extent of quotation must not comprise a complete book nor should it amount to more than 50% of the work in which it is quoted. A copyright notice must appear on the title or copyright page using this pattern: "Taken from the HOLY BIBLE: EASY-TO-READ VERSION™ © 2006 by World Bible Translation Center, Inc. and used by permission." If the text quoted is from one of WBTC's non-English versions, the printed title of the actual text quoted will be substituted for "HOLY BIBLE: EASY-TO-READ VERSION™." The copyright notice must appear in English or be translated into another language. When quotations from WBTC's text are used in non-saleable media, such as church bulletins, orders of service, posters, transparencies or similar media, a complete copyright notice is not required, but the initials of the version (such as "ERV" for the Easy-to-Read Version™ in English) must appear at the end of each quotation.

Any use of these Scriptures other than those listed above is prohibited. For additional rights and permission for usage, such as the use of WBTC's text on a Web site, or for clarification of any of the above, please contact World Bible Translation Center in writing or by email at distribution@wbtc.com.

World Bible Translation Center
P.O. Box 820648
Fort Worth, Texas 76182, USA
Telephone: 1-817-595-1664
Toll-Free in US: 1-888-54-BIBLE
E-mail: info@wbtc.com

WBTC's web site – World Bible Translation Center's web site: <http://www.wbtc.org>

Order online – To order a copy of our texts online, go to: <http://www.wbtc.org>

Current license agreement – This license is subject to change without notice. The current license can be found at: <http://www.wbtc.org/downloads/biblelicense.htm>

Trouble viewing this file – If the text in this document does not display correctly, use Adobe Acrobat Reader 5.0 or higher. Download Adobe Acrobat Reader from:
<http://www.adobe.com/products/acrobat/readstep2.html>

Viewing Chinese or Korean PDFs – To view the Chinese or Korean PDFs, it may be necessary to download the Chinese Simplified or Korean font pack from Adobe. Download the font packs from:
<http://www.adobe.com/products/acrobat/acrasianfontpack.html>